# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

এমআরএ ভবন, প্লট নং-এফ-১৪ (ডি/১)
আগারগাঁও, শেরে বাংলা নগর (প্রশাসনিক এলাকা), ঢাকা-১২০৭


স্মারক নম্বর: ৫৩.০৪.০০০০.০০০.০২১.৯৯.০০১৪.২৬- ৪২৫

তারিখঃ ০১ চৈত্র ১৪৩২
১৫ মার্চ ২০২৬

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

**বিষয়: ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের অফিস সময়সূচি সংক্রান্ত।**

সূত্রঃ ১. জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১০-৭০, তারিখ: ০৬/০৬/২০২৪;
২. অথিরিটির পত্র নং- ৫৩.০৪.০০০০.০০১.৯৯.০৬৮.২২-১৮৭৫, তারিখ: ২৩/০৮/২০২২; এবং
৩. অথিরিটির পত্র নং- ৫৩.০৪.০০০০.০০১.৯৯.০৬৮.২২-২৯৯২, তারিখ: ০৭/১১/২০২২।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের অফিস সময়সূচি ও শনিবার অফিস বন্ধ রাখার বিষয়ে অথরিটি হতে একাধিক নির্দেশনা দেয়া হয়। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদেরকে অফিস ছুটির পরে ও শনিবারসহ অন্যান্য অফিস বন্ধের দিন ঋণ আদায়ের কাজসহ অন্যান্য কাজে নিয়োজিত রাখা হয় যা অথরিটি কর্তৃক ইতিপূর্বে প্রদত্ত নির্দেশনার পরিপন্থী।

এমতাবস্থায়, অথরিটির সনদপ্রাপ্ত ও সাময়িক অনুমোদনপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের অফিস সময়সূচি (রবিবার হতে বৃহস্পতিবার) সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। উল্লেখ্য, শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটি থাকবে এবং অন্যান্য সরকারি ছুটির দিন অফিস বন্ধ থাকবে।

সূত্রস্থ ১নং স্মারকের ৩নং অনুচ্ছেদের ভিত্তিতে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

**সংযুক্তিঃ** বর্ণনা মোতাবেক (৩ ফর্দ)

আপনার বিশ্বস্ত,

15.03.2026


মোহাম্মদ আব্দুল মান্নান
পরিচালক
লাইসেন্স, রেগুলেশন, পলিসি এন্ড লিগ্যাল শাখা
ফোন : ০২২২৩৩৭৪৮৭০
ইমেইলঃ abdul.mannan@mra.gov.bd

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৪ শাখা**
www.mopa.gov.bd

# প্রজ্ঞাপন

স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১০-৭০ | তারিখ : ২৩ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০৬ জুন ২০২৪

সরকার আগামী ১৯ জুন ২০২৪ তারিখ (পবিত্র ঈদ-উল-আযহা ২০২৪-এর পরবর্তী প্রথম কর্মদিবস) হইতে দেশের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিস সময়সূচি পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত নিম্নরূপভাবে নির্ধারণ করিল:

| | |
|---|---|
| **(ক) রবিবার হইতে বৃহস্পতিবার** | **সকাল ৯:০০ ঘটিকা হইতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।**<br>(বেলা ১:০০ ঘটিকা হইতে ১:৩০ ঘটিকা পর্যন্ত যোহরের নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতিসহ) |
| **(খ) শুক্রবার ও শনিবার** | **সাপ্তাহিক ছুটি।** |

২। জরুরি পরিষেবাসমূহ নূতন অফিস সময়সূচির আওতা বহির্ভূত থাকিবে।

৩। বাংলাদেশ সুপ্রিম কোর্ট এবং ব্যাংক, বিমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সময়সূচি স্ব স্ব কর্তৃপক্ষ নির্ধারণ করিবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

০৬/০৬/২০২৪

(মোঃ কামরুজ্জামান)
উপসচিব
ফোনঃ ০২-৯৫১৪৪৯২
ইমেইল-reg4@mopa.gov.bd

**বিতরণ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ (তাঁর আওতাধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৭। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার, --------------------- (সকল)।
১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১। মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২। জেলা প্রশাসক, -------------------- (সকল)।
১৩। উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
১৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

Microcredit Regulatory Authority

# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার

স্মারক নং-৫৩.০৪.০০০০.০০১.৯৯.০৬৮.২২. ১৮৭৫

তারিখ: ৮ ভাদ্র ১৪২৯
২৩ আগস্ট ২০২২

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।

**বিষয়: অফিস সময়সূচি সম্পর্কিত।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১০-১৮২; তারিখ: ২২ আগস্ট ২০২২।

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয় এর সূত্রোস্থ প্রজ্ঞাপন অনুসারে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত আগামী ২৪ আগস্ট ২০২২ তারিখ হতে অথরিটির সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের অফিস সময়সূচি (রবিবার হতে বৃহস্পতিবার) সকাল ৯:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া, শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটি থাকবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (১ পাতা)।

আপনার বিশ্বস্ত,

২৩/০৮/2022

(মোঃ নূরে আলম মেহেদী)
পরিচালক
ফোন : ৮৩৩৩৩৮৯

Microcredit Regulatory Authority

# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।


মুজিববর্ষ

স্মারক নং-৫৩.০৪.০০০০.০০১.৯৯.০৬৮.২২.২৯৯২

তারিখ: ২২ কার্তিক ১৪২৯
৭ নভেম্বর ২০২২

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।

**বিষয়: অফিস সময়সূচি সম্পর্কিত।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১০-২৩৮; তারিখ: ১ নভেম্বর ২০২২।

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয় এর সূত্রোক্ত প্রজ্ঞাপন অনুসারে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত আগামী ১৫ নভেম্বর ২০২২ তারিখ হতে অথরিটির সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের অফিস সময়সূচি (রবিবার হতে বৃহস্পতিবার) সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া, শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটি থাকবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (১ পাতা)।

আপনার বিশ্বস্ত,

07/11/2022

(মুহাম্মদ মাজেদুল হক)
পরিচালক
ফোন : ৮৩৩৩৩৪০